## ছাত্রদিগের জন্য বৃত্তি।

—•—

৫০৲ ও ৪০৲ টাকা ( ম্যাট্রিক। )
৩০৲ ও ২৫৲ টাকা ( নন-ম্যাট্রিক। )

দি ন্যাসানেল মেডিকেল কলেজ,
৩০১।৩ অপার সারকিউলার রোড
নিয়মাদির জন্য আবেদন করুন।

এই কলেজে শব-ব্যবচ্ছেদ ও সার্জ্জারী আধুনিক প্রথায় শিক্ষা হয়। বেতন ৩৲ তিন টাকা মাত্র।

কলেজ কাউন্সিল— মহারাজা বাহাদুর কাশিম বাজার, মাননীয় বিচারক ও, চৌধুরী ও রাজা প্যারিমোহন মুখোপাধ্যায় সি, এস, আই।



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

৯ই ভাদ্র বুধবার, ১৩২৭ সাল।


## মশক নিধন।

—০—

বঙ্গীয় স্বাস্থ্য বিভাগের বড় সাহেব ডাঃ বেণ্টলীর উদ্ভাবিত ড্রেনেজ স্কীমের পরীক্ষাস্থল আমাদের ম্যালেরিয়ার পুরী জঙ্গিপুর। ধৌতি প্রকরণ দ্বারা ম্যালেরিয়ার প্রধান জন্মদাতা মশক কুল ধ্বংস হইয়া ম্যালেরিয়া দূর করাই এই বিজ্ঞ ডাক্তার সাহেবের উদ্দেশ্য। সরকারও এই নূতন প্রণালী পরীক্ষার্থ জঙ্গিপুরে বহু অর্থ ব্যয় করিলেন। আগামী সপ্তাহেই ডাক্তার বেণ্টলী ও অন্যান্য দুএক জন বিশেষজ্ঞ জঙ্গিপুরে শুভাগমন করিবেন। আমরা তাঁহাদের ড্রেন পরিদর্শনের সঙ্গে সঙ্গে আরও এক বিষয় পরিদর্শন করিতে অনুরোধ করি। তাঁহারা দয়া করিয়া দেখুন যে তাঁহাদের ড্রেনে সংযোজিত পুকুর ডোবা ভিন্ন সহরে অন্য কারণে মশকোৎপত্তি হইতেছে কি না। মিউনিসিপ্যালিটীর সেস্‌পুলগুলি, স্থানে স্থানে সঞ্চিত আবর্জ্জনা ও অন্যান্য অপরিচ্ছন্নতার জন্য মশক বৃদ্ধি হইতে পারে কি না। নগরের মধ্যে স্বাস্থ্যের হানিকর অন্য কোন কারণ বর্ত্তমান থাকিলে স্থানীয় মিউনিসিপ্যালিটীকে তাহা দূরীকরণ জন্য পরামর্শ দিতে অনুরোধ করি।

—•—

## মা গঙ্গার সুবিচার।

—•—

এতদঞ্চলে ভাদুই ধান্য হইবে না হইবে না করিয়া বেশ হইল! কিন্তু গঙ্গার জল যখন খুব বেগে বাড়িতে লাগিল তখন মনে হইল যে মা বোধ হয় সন্তানের মুখের গ্রাস উদরসাৎ করেন। কিন্তু মা এই নিরন্ন দরিদ্র সন্তানগণের উপর যথেষ্ট স্নেহ দেখাইয়া ক্রমশঃ কলেবর সঙ্কুচিত করিলেন। তিনি বোধ হয় ভাবিলেন ধান ডুবিলে বহু সন্তান মায়ের সুশীতল ক্রোড়ে স্থান প্রার্থী হইবে। তাই তিনি বেশ বিবেচনা করিয়া ভাদুই ধান্য স্পর্শ করিলেন না। অধিকাংশ ভাদুই ধান্যই ঘরে উঠিবে এরূপ আশা হইতেছে। কিন্তু বরুণের করুণাভবে হৈমন্তিক বোধ হয় অঙ্কুরে শুকাইল।

—:০:—

## বহরমপুরে আয়ুর্ব্বেদ বিদ্যালয় ও দাতব্য চিকিৎসালয়।

—:০:—

আগামী ১লা সেপ্টেম্বর হইতে বহরমপুরে আয়ুর্ব্বেদ বিদ্যালয় ও দাতব্য চিকিৎসালয় খোলা হইবে। শ্রীযুক্ত মুকুন্দলাল সেন গুপ্ত কবিরাজ প্রমুখ সুযোগ্য আয়ুর্ব্বেদ চিকিৎসকগণ কর্ত্তৃক এই চিকিৎসালয় পরিচালিত হইবে। স্বর্গীয় গঙ্গাধর কবিরাজ মহাশয়ের স্মৃতিচিহ্ন স্বরূপ তাঁহার নামানুসারে এই আয়ুর্ব্বেদালয়ের নামকরণ হইবে। জেলাবোর্ড, মিউনিসিপ্যালিটী, কাশিমবাজারাধিপতি, রায় বৈকুণ্ঠনাথ সেন বাহাদুর, শ্রীযুত রমেশচন্দ্র মুখোপাধ্যায়, শ্রীযুত ক্ষেত্রনাথ পাল প্রভৃতির প্রদত্ত অর্থে ইহার অঙ্গ পুষ্টি হইতেছে। যশোহর জেলা বোর্ডের চেয়ারম্যান রায় যদুনাথ মজুমদার বাহাদুর যশোহর জেলা বোর্ড হইতে তথায় এক আয়ুর্ব্বেদ চিকিৎসালয় প্রতিষ্ঠা করিয়াছেন। যশোহরে যখন দাতব্য আয়ুর্ব্বেদ চিকিৎসালয় স্থাপিত হয়, আমরা তখনই ভাবিয়াছিলাম—যে বহরমপুরে কলির ধন্বন্তরি স্বর্গীয় গঙ্গাধর কবিরাজ মহাশয় কর্ত্তৃক বৈদ্যবিদ্যার চরম উন্নতি হইয়াছিল, যে মুর্শিদাবাদ জেলার বোর্ডের চেয়ারম্যান বৈদ্যকুলতিলক বৈকুণ্ঠনাথ, সে নগরে একটী আয়ুর্ব্বেদ দাতব্য চিকিৎসালয় স্থাপিত না হইলে যেন মুর্শিদাবাদের মাথা একটু হেঁট হইয়া থাকিবে। আজ আমাদের সে লজ্জা দূর হইল। সত্য সত্যই আমরা যাহা চাহিয়া ছিলাম তাহাই পাইলাম। এই চিকিৎসালয় যাহাতে ক্রমশঃ উন্নত হয় তজ্জন্য কাশিমবাজারাধিপ মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর ও অন্যান্য বহরমপুর বাসী গণ্য মান্য ভদ্র মহোদয়গণের যথেষ্ট চেষ্টা ও যত্ন আছে শুনিয়া আমরা তাঁহাদিগকে আন্তরিক ধন্যবাদ প্রদান করি।

—:০:—

## অদ্ভুত সর্প চিকিৎসা।

—০—

রঘুনাথগঞ্জ টাউনের কনেষ্টবল মৈজুদ্দীন ইতিপূর্ব্বে রঘুনাথগঞ্জের এক মিষ্টান্ন বিক্রেতার চাকরের সর্পদষ্ট স্থানে মুখ লাগাইয়া চুষিয়া বিষ বাহির করিয়া তাহার জীবন রক্ষা করিয়াছিল। এ সংবাদ পূর্ব্বে প্রকাশ করিয়াছিলাম। সম্প্রতি রঘুনাথগঞ্জ হইতে দুই মাইল দূরবর্ত্তী চরকা গ্রামের কাঙ্গালী সেখ কে বিষধর সর্পে দংশন করে। রাত্রিকাল, মৈজুদ্দীন তখন বীটে চৌকী পাহাড়া দিতেছে, বীট ছাড়িয়া যাইবার উপায় নাই, থানার দারোগা বাবু এই সংবাদ পাইয়া মৈজুদ্দীনের জুমাদারের উপর পাহারার ভার দিয়া তাহাকে কাঙ্গালীর চিকিৎসার্থ যাইতে অনুমতি দেন। এবারও মৈজুদ্দীন চুষিয়া বিষ বাহির করিয়া কাঙ্গালী সেখের জীবন রক্ষা করিয়াছে। সর্প বিষনাশক গাছ গাছড়াও তাহার জানা আছে। বাস্তবিকই সাপের বিষ মুখ দিয়া চুষিয়া লইয়া পরের জীবন রক্ষা করিবার প্রবৃত্তি আজকাল কয় জনে হইতে দেখা যায়? মৈজুদ্দীন সামান্য বেতনের পুলিশ কনেষ্টবল হইলেও তাহার হৃদয় অতি উচ্চ। পরার্থে নিজের জীবন বিপন্ন করা অতি মহৎ ব্যক্তি ভিন্ন সাধারণের পক্ষে অসম্ভব। খোদাতাল্লা মৈজুদ্দীনের আখেরে ভাল করিবেন সন্দেহ নাই। কিন্তু পুলিশ বিভাগ হইতে এরূপ প্রশংসনীয় কর্ম্মের জন্য যে কর্ত্তৃপক্ষ কেন এই ক্ষুদ্র তাবেদারকে পুরস্কৃত করিয়া উৎসাহিত করেন না তাহা বুঝিতে পারি না।

—•—

প্রাপ্ত

## অন্যায়ের মর্য্যাদা।

—০—

প্রজাগণের অভাব অভিযোগের প্রতিকার ও তাহাদের কল্যাণ সাধনের জন্য সদাশয় গবর্ণমেণ্ট নানাপ্রকার উপায় উদ্ভাবন করিয়াছেন এবং এই সকল উপায় কার্য্যে পরিণত করিবার জন্য নানা বিভাগে বহুতর সুশিক্ষিত কর্ম্মচারী নিয়োগ করিয়াছেন কিন্তু প্রজার দুরদৃষ্ট বশতঃ অনেক সময় গবর্ণমেণ্টের এই সদুদ্দেশ্য কার্য্যে পরিণত হয় না। অনেক স্থানে রক্ষকই ভক্ষকের মূর্ত্তি পরিগ্রহ করিয়া সাধারণের হৃদয়ে বিভীষিকার উৎপাদন করিয়া থাকেন। দেশের অশিক্ষিত ও অর্থহীন জনসাধারণ এই সকল রক্ষক বেশী ভক্ষকের অন্যায় আচরণ নীরবে সহ্য করিতে বাধ্য হয়। প্রতিকার প্রার্থী হইলেও অনেকক্ষেত্রে তাহা সফল হয় না। যদি বা কখন উর্দ্ধতন কর্ম্মচারীগণের দৃষ্টি আকর্ষিত হয়, তখন ঐ সমস্ত ধুরন্ধরগণ দেশের মধ্যে যাহারা মণ্ডল মাতব্বর অর্থাৎ যাহারা দিনকে রাত্রি এবং রাত্রিকে দিন করিবার সামার্থ্য রাখেন তাঁহাদিগকে খোসামোদ করিয়া কখনও বা তাঁহাদের স্বার্থ রক্ষার যন্ত্রস্বরূপ হইয়া তাঁহাদের চিত্ত আকর্ষন করা; তাঁহাদিগের কার্য্যের একখানি প্রশংসা পত্র স্থানীয় সংবাদ পত্রে ছাপাইয়া দেয়। এবং সেই প্রশংসা পত্র গবর্ণমেণ্টের নিকট উপস্থিত করিয়া তাঁহার কৃত অন্যায়গুলীকে ঢাকিয়া গবর্ণমেণ্টের বিশ্বাস ভাজন হয়েন এবং সজোরে জয়ঢক্কা বাজাইয়া পুনরায় তাঁহার তক্তে বসিয়া দ্বিগুন জোরে তাহার স্বার্থসাধনে প্রবৃত্ত হন।

দেশের জনসাধরণ অশিক্ষিত অর্থহীন হেতু ঐরূপে অন্যায় প্রশংসা পত্রের বিরুদ্ধে তাহার প্রতিবাদ করিবার সামর্থ না থাকায় অধিকাংশ ক্ষেত্রেই ন্যায়ের মর্য্যাদা রক্ষিত হয় না। ফলে

